

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
পাস-২ শাখা
Website: www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০৮৫.০২৭.০১.০০.০৫২.২০১৫-১৪৩

তারিখঃ ২৫/০৫/২০১৭ খ্রিঃ

বিষয় : ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project সহ অন্যান্য উন্নয়ন প্রকল্পসমূহের আওতায় সড়ক খনন ক্ষতিপূরণ ফি বাবদ অতিরিক্ত ১৫% সার্ভিস চার্জ আরোপ না করা প্রসঙ্গে।


সূত্র : ঢাকা ওয়াসার স্মারক নং-৪৬.১১৩.৬০১.০০.০০.W-48DESWSP/2836, তারিখঃ ১৯/০৪/২০১৭

ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project (DESWSP) এর আওতায় পানির লাইন স্থাপনের কার্যক্রম চলমান রয়েছে মর্মে জানানো হয়েছে। ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ২৩/০৩/২০১৭ তারিখের ৪৯৫ নং অফিস আদেশে সড়ক খনন ক্ষতিপূরণ ফি বাবদ অতিরিক্ত ১৫% সার্ভিস চার্জ আরোপ করা হয়েছে। ডিপিপিতে বর্ণিত প্রকল্পের সড়ক খনন ফি বাবদ জিওবি খাতে নির্দিষ্ট পরিমাণ অর্থের সংস্থান রয়েছে। প্রকল্পের আওতায় রাস্তা খননের ক্ষতিপূরণ ফি বাবদ অতিরিক্ত সার্ভিস চার্জ আরোপ করা হলে তা প্রকল্পের ব্যয়কে বৃদ্ধি করবে। সে লক্ষ্যে সড়ক খনন ক্ষতিপূরণ ফি বাবদ অতিরিক্ত ১৫% সার্ভিস চার্জ আরোপ না করার জন্য ঢাকা ওয়াসা কর্তৃক অনুরোধ করা হয়েছে।

এমতাবস্থায়, ঢাকা ওয়াসার Dhaka Environmentally Sustainable Water Supply Project সহ অন্যান্য উন্নয়ন প্রকল্পসমূহের আওতায় সড়ক খনন ক্ষতিপূরণ ফি বাবদ অতিরিক্ত ১৫% সার্ভিস চার্জ আরোপ না করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

সংযুক্তিঃ বর্ণনামতে ১৩ ফর্দ।

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
ঢাকা।


(ড. কে এম কামরুজ্জামান সেলিম)
উপসচিব
ফোনঃ ৯৫৪০৩৭০
e-mail: watersupply_02@yahoo.com

(অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে)

- ১। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ২। ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ওয়াসা, ঢাকা।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রকল্প পরিচালক, Dhaka Environmentally Sustainable Water Supply Project, ঢাকা ওয়াসা।
- ৫। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।